দামুড়হুদার সুবলপুরে সরকারি ড্রেনের উপর ইট গেঁথে কাঁটাতারের বেড়া

দামুড়হুদার সুবলপুরে সরকারিভাবে নির্মাণকৃত ড্রেনের উপর ইট গেঁথে কাঁটাতারের বেড়া দেয়ার অভিযোগ উঠেছে আবু বক্কর ছিদ্দিক নামে ব্যক্তির বিরুদ্ধে। আবু বক্কর সিদ্দিক দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের সুবলপুর গ্রামের মৃত নজির হাজির ছেলে।

এলাকাবাসীর অভিযোগের পেক্ষিতে জানাগেছে, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের সুবলপুর গ্রামের আবু বক্কর ছিদ্দিক গত কয়েকদিন আগে সরকারিভাবে নির্মাণকৃত পানি নিষ্কাশনের ড্রেনের উপর প্রভাব খাটিয়ে ইট গেঁথে কাঁটাতারের বেড়া দিয়েছে। স্থানীয়রা সরকারি স্থাপনার উপর ইট গেঁথে কাঁটাতারের বেড়া দিতে নিষেধ করলে সে তাদের কথার কোনো তোয়াক্কা না করেই ইটের গাঁথুনির উপর কাটাতারের বেড়া দেয়। যার ফলে ওই রাস্তায় চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে প্রতিনিয়ত।

এবিষয়ে আবু বক্কর ছিদ্দিক বলেন, আমি আমার জমির উপর নির্মাণকৃত ড্রেনের উপর ইট গেঁথে আমি খু্টরি গায়ে কাটাতার দিয়ে বেঁড়া দিয়েছি। এখানে কারো কোনো সমস্যা তো হওয়ার কিছু দেখছি না। আপনাদের সমস্যা কিসের।

এবিষয়ে কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বলেন, বিষয় টা আমার জানা নেই , আপনাদের কাছে শুনলাম আমি আগামীকাল ঘটনা স্থলে নিজে যাব যদি সত্যতা মেলে তাহলে আইনে যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থা নেওয়া হবে।